

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬২১

२. यन गलाता সूिप्तिष्ठ উপদেশমালা (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি প্রত্যেকবার পাপ সংঘটিত করার পর যদি তাওবা করে, তবে সে ব্যক্তি 'পাপের উপর অনড় থাকার' সীমা থেকে বেরিয়ে যায়

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ تَوْبَةَ الْمَرْءِ بَعْدَ مُوَاقَعَتِهِ الذَّنْبَ فِي كُلِّ وَقْتٍ تُخْرِجُهُ عَنْ حَدِّ الْإِصْرَارِ عَلَى الذَّنْبِ

## আরবী

621 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدِ بْنِ يُوسُفَ قَالَ: حَدَّثَنَا الْحَسَنُ بْنُ مُحَمَّدِ بْنِ الصَّبَّاحِ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ قَالَ: أَخْبَرَنَا هَمَّامٌ عَنْ إِسْحَاقَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي طَلْحَةَ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي عَمْرَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَنَّ رَجُلًا أَذْنَبَ ذَنْبًا فَقَالَ: أَيْ رَبِّ أَذْنَبْتُ ذَنْبًا \_ أَوْ قَالَ: عَمِلْتُ عَمَلًا \_ فَعَلْمَ أَنَّ لَهُ رَبًّا يَغْفِرُ الذَّنْبَ وَيَأْخُذُ بِهِ قَدْ غَفَرْتُ لِي فَقَالَ ثَبَالَ كَوْبُولُ الذَّنْبَ وَيَأْخُذُ بِهِ قَدْ غَفَرْتُ لِي فَقَالَ ثَبَالَ لَكُونَ لِي فَقَالَ وَعَلَمَ أَنَّ لَهُ رَبًّا يَغْفِرُ الذَّنْبَ وَيَأْخُذُ بِهِ قَدْ غَفَرْتُ لِعَبْدِي ثُمَّ عَمِلَ ذَنْبًا آخَرَ \_ أَوْ قَالَ: عَمِلَ ذَنْبًا آخَرَ \_ قَالَ: عَمِلَ ذَنْبًا آخَرَ \_ قَالَ: عَمِلْ تُكُونُ لِي فَقَالَ وَعَالَى: عَبْدِي أَنْ لَهُ رَبًّا يَغْفِرُ الذَّنْبَ وَيَأْخُذُ بِهِ قَدْ غَفَرْتُ لِعَبْدِي ثُمَّ عَمِلَ ذَنْبًا آخَرَ لَعَ الْنَ لَكُ رَبًّا يَغْفِرُ الذَّنْبَ وَيَأْخُذُ بِهِ قَدْ غَفَرْتُ لِعَبْدِي ثُمَّ عَمِلَ ذَنْبًا فَاغْفِرْ لِي فَقَالَ اللَّهُ تَبَارِكَ وَتَعَالَى: عَلِمَ عَبْدِي أَنَّ لَهُ رَبًا يَعْفِرُ الذَّنْبَ وَيَأُخُذُ بِهِ قَدْ غَفَرْتُ لِعِبْدِي فَعَالَ اللَّهُ تَبَارِكَ وَتَعَالَى: عَلِمَ عَلِي مَا عَنْ اللَّهُ مَا اللَّهُ وَلُولُ الذَّنْبَ وَيَأْخُذُ بِهِ أَشْهِدُكُمْ أَنِي قَدْ غَفَرْتُ لِعَبْدِي فَلَالَ اللَّهُ رَبُا يَعْفِرُ الذَّنْبَ وَيَأُخُذُ بِهِ أُشْهِدُكُمْ أَنِي قَدْ غَفَرْتُ لِعَبْدِي فَلَا لَلْهُ مَبَارِكَ وَتَعَالَى:

الراوي: أَبِو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 621 | خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

৬২১. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "জনৈক ব্যক্তি কোন একটি পাপ কাজ করে, অতঃপর সে বলে, 'হে আমার প্রতিপালক, আমি একটি পাপ



করেছি!' অথবা বলে, 'আমি একটি (গোনাহের) কাজ করেছি, অতএব আমাকে ক্ষমা করে দিন।' তখন আল্লাহ তাবারাকা ওয়া তা'আলা বলেন: "আমার বান্দা একটি গোনাহের কাজ করেছে, অতঃপর সে জেনেছে যে, তার একজন প্রতিপালক রয়েছেন, যিনি গোনাহ ক্ষমা করেন এবং এজন্য তিনি পাকড়াও করেন। আমি আমার বান্দাকে ক্ষমা করে দিলাম।

তারপর সে ব্যক্তি আরো একটি পাপ কাজ করে, অতঃপর সে বলে, 'হে আমার প্রতিপালক, আমি একটি পাপ কাজ করেছি!' অথবা বলেন, 'আমি একটি (গোনাহের) কাজ করেছি, অতএব আমাকে ক্ষমা করে দিন।' তখন আল্লাহ তাবারাকা ওয়া তা'আলা বলেন: "আমার বান্দা একটি গোনাহের কাজ করেছে, অতঃপর সে জেনেছে যে, তার একজন প্রতিপালক রয়েছেন, যিনি গোনাহ ক্ষমা করেন এবং এজন্য তিনি পাকড়াও করেন। আমি আমার বান্দাকে ক্ষমা করে দিলাম।

তারপর সে ব্যক্তি আরো একটি পাপ কাজ করে, অতঃপর সে বলে, 'হে আমার প্রতিপালক, আমি একটি পাপ কাজ করেছি!' অথবা বলেন, 'আমি একটি (গোনাহের) কাজ করেছি, অতএব আমাকে ক্ষমা করে দিন।' তখন আল্লাহ তাবারাকা ওয়া তা'আলা বলেন: "আমার বান্দা একটি গোনাহের কাজ করেছে, অতঃপর সে জেনেছে যে, তার একজন প্রতিপালক রয়েছেন, যিনি গোনাহ ক্ষমা করেন এবং এজন্য তিনি পাকড়াও করেন। আমি তোমাদের সাক্ষী রেখে বলছি, আমি আমার বান্দাকে ক্ষমা করে দিলাম। কাজেই সে যা চায়, আমল করুক!" [1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/২৯৬; হাকিম: ৪/২৪২; বুখারী, আত তাওহীদ: ৭৫০৭; সহীহ মুসলিম: ২৭৫৮; সুনান আল বাইহাক্কী প্রভৃতি।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৩০৪৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন